# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৬৭ তারিখঃ ২৬/১১/২০২৫খ্রিঃ

প্রতি

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)
৩। প্রকল্প পরিচালক (সকল)
৪। নির্বাহী প্রকৌশলী (সকল)
৫। উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

**বিষয়: ভেরিয়েশন প্রতিপাদন কমিটির প্রতিবেদন বিষয়ক নির্দেশনা প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২৯০, তারিখ: ০৩/১১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিপিআর ২০২৫ এর বিধি ৫০(২০) মোতাবেক ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত সরবরাহ আদেশ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিধি ১৫ অনুযায়ী গঠিত ভেরিয়েশন প্রতিপাদন কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষ্যে অত্র দপ্তর হতে সূত্রস্থ স্মারকমূলে ভেরিয়েশন প্রতিপাদন কমিটি গঠন করা হয়েছে। নির্ধারিত কিছু ব্যতিক্রম ব্যতীত (পিপিআর'২০২৫ এর বিধি ৫০(২০) ও সংশ্লিষ্ট তফসিল-২ দ্রষ্টব্য) সকল ভেরিয়েশন প্রস্তাব প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উক্ত কমিটির সুপারিশ গ্রহণ আবশ্যক।

সম্প্রতি মাঠ পর্যায় থেকে কার্যচুক্তির ক্ষেত্রে ভেরিয়েশন প্রতিপাদন কমিটি কর্তৃক প্রেরিত বেশ কিছু প্রতিবেদনে লক্ষ্য করা যাচ্ছে যে, কেবলমাত্র ভেরিয়েশনের আর্থিক মূল্যায়ন বা একক দর সমন্বয় (Rate Negotiation) সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করা হচ্ছে। ভেরিয়েশনের পরিপ্রেক্ষিত সম্পর্কিত সুস্পষ্ট ব্যাখ্যা উক্ত প্রতিবেদনে অধিকাংশ ক্ষেত্রে অনুপস্থিত রয়েছে, যা পিপিআর ২০২৫ এর বিধি ১৫ এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

এমতাবস্থায়, ভেরিয়েশন প্রতিপাদন কমিটির প্রতিবেদনসমূহকে অধিকতর সুনির্দিষ্ট, পূর্ণাঙ্গ ও বিধিসম্মত রাখার লক্ষ্যে প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

১। ভেরিয়েশনের পরিপ্রেক্ষিত ও যৌক্তিকতা;
২। নন-টেন্ডার আইটেমসমূহের একক দর নির্ধারণের ভিত্তি (সংশ্লিষ্ট ঠিকাদারের সম্মতির প্রমাণকসহ, কার্যচুক্তির ক্ষেত্রে প্রযোজ্য);
৩। কোন আইটেমের পরিমাণ ২৫% এর অধিক বৃদ্ধি পাওয়ার ফলে যদি মূল চুক্তিমূল্যের ১% এর অধিক বৃদ্ধি ঘটে, তবে উক্ত আইটেমের পরিবর্তিত পরিমাণের একক দর সমন্বয়ের প্রমাণপত্র (সংশ্লিষ্ট ঠিকাদারের সম্মতির প্রমাণকসহ, কার্যচুক্তির ক্ষেত্রে প্রযোজ্য)।

উপর্যুক্ত বিষয়সমহূ অন্তর্ভুক্ত করে **ভেরিয়েশন প্রতিপাদন কমিটির একটি নমুনা প্রতিবেদন** অত্রসাথ সংযুক্ত করা হলো। ভেরিয়েশন প্রতিপাদন কমিটি কর্তৃক প্রতিবেদন প্রস্তুতকালে উক্ত নমুনা অনুসরণ করা যেতে পারে।

২৬/১১/২৫

**(মোঃ বেলাল হোসেন)**
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

# ভেরিয়েশন প্রতিপাদন কমিটির প্রতিবেদনের নমুনা

*(কার্য এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য)*

## ক) ভূমিকা:

*উন্নয়ন বা পরিচালন বাজেটের যেই চুক্তির জন্য ভেরিয়েশন প্রস্তাব করা হয়েছে এই অংশে তার বিবরণসহ ভেরিয়েশন প্রস্তাবের সংক্ষিপ্ত বর্ণনা থাকবে, প্যাকেজের নাম, টেন্ডার আইডি (প্রযোজ্য ক্ষেত্রে) এ অংশে উল্লেখ করতে হবে। একই সাথে কমিটির সদস্যদের নাম এবং পদবী এই অংশে অন্তর্ভূক্ত করতে হবে।*

…………………

…………………

## খ) ভেরিয়েশন প্রস্তাবের বিস্তারিত:

*এই অংশে ভেরিয়েশনের কারণসহ ভেরিয়েশন প্রস্তাবের বিস্তারিত বর্ণনা থাকবে যেখানে নিম্নোক্ত ছকে বর্ণিত তথ্যসমূহ অন্তর্ভূক্ত থাকতে হবে-*

| | | |
|---|---|---|
| ১। | মূল চুক্তিমূল্য | |
| ২। | প্রস্তাবিত/সংশোধিত চুক্তিমূল্য | |
| ৩। | চুক্তিমূল্য বৃদ্ধি/হ্রাসের পরিমাণ ( *শতকরা হারে*) | |
| ৪। | প্রস্তাবে কোন নন-টেন্ডার আইটেম অন্তর্ভূক্ত করা হয়েছে কি না? | |
| ৫। | কোন আইটেমের পরিমাণ ২৫% এর অধিক বৃদ্ধির ফলে চুক্তিমূল্য ১% এর অধিক বৃদ্ধি পেয়েছে কি না? ( *কার্যচুক্তির ক্ষেত্রে প্রযোজ্য*) | |
| ৬। | আইটেম ৪ এবং ৫ এর যেকোনটির উত্তর হ্যাঁ হলে, ঠিকাদারের সাথে একক দর সমন্বয় করা হয়েছে কি না? ( *কার্যচুক্তির ক্ষেত্রে প্রযোজ্য*) | |

### ১) ভেরিয়েশন প্রস্তাবের পরিপ্রেক্ষিত এবং যৌক্তিকতা:

*(এই অংশে কমিটির নিকট উপস্থাপিত প্রস্তাবের পরিপ্রেক্ষিত বর্ণনাসহ কারিগরি দৃষ্টিকোণ থেকে যৌক্তিকতার বর্ণনা থাকবে।*

*সরেজমিনে সাইট পরিদর্শন করা হলে তার বর্ণনা এবং কারিগরি প্রস্তাব এই অংশে অন্তর্ভূক্ত করতে হবে।*

*এলজিইডি'র অন্য কোন ইউনিট বা দপ্তর হতে পরিদর্শনের পরে প্রাপ্ত মতামত বা সুপারিশ থাকলে তা এই অংশে যুক্ত করতে হবে।)*

………………………….

………………………….

**২) ভেরিয়েশন মূল্যের যথার্থতাঃ**

*উপরে উল্লিখিত ছকের আইটেম ৪ এবং ৫ এর যেকোনটির উত্তর হ্যাঁ হলে, ঠিকাদারের সাথে একক দর সমন্বয় করা হয়ে থাকলে তার প্রমাণক এখানে সংযুক্ত করতে হবে। ( কার্যচুক্তির ক্ষেত্রে প্রযোজ্য)*

**গ) ভেরিয়েশন প্রতিপাদন কমিটির সুপারিশ:**

*অংশ ১ এবং অংশ ২ এর বর্ণনা এবং আলোচনার প্রেক্ষিতে ভেরিয়েশন প্রতিপাদন কমিটির সুপারিশ এই অংশে অন্তর্ভূক্ত করতে হবে।*

………………………….

………………………….

| | | |
|---|---|---|
| | | |
| **সদস্য-সচিব এর স্বাক্ষর, নাম ও পদবী** | **বহিঃসদস্য এর স্বাক্ষর, নাম ও পদবী** | **সভাপতির স্বাক্ষর, নাম ও পদবী** |